

## ভারতে রাষ্ট্রীয় সফরে ইজরায়েলের প্রেসিডেন্ট (নভেম্বর ১৪-২১, ২০১৬)

রাষ্ট্রপতিজি শ্রী প্রণব মুখোপাধ্যায়ের আমন্ত্রণে ইজরায়েলের প্রেসিডেন্ট জনাব রুয়েভেন রিভলিন ভারতে একটি রাষ্ট্রীয় সফর করবেন ১৪-২১ নভেম্বর, ২০১৬। প্রেসিডেন্ট রিভলিন-এর সফরসঙ্গী হবেন তাঁর স্ত্রী শ্রীমতি নেচামা রিভলিন এবং ইজরায়েলের উর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষাবিদ এবং ব্যবসায়ী নেতৃবৃন্দের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল।

সফরকালে প্রেসিডেন্ট রিভলিনকে স্বাগত জানাবেন ভারতের রাষ্ট্রপতি এবং তাঁর সম্মানার্থে একটি ভোজসভার আয়োজন করবেন। ভারতের উপ রাষ্ট্রপতি শ্রী মহম্মদ হামিদ আনসারি সাক্ষাৎ করবেন তাঁর সঙ্গে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ১৫ নভেম্বর ২০১৬ প্রেসিডেন্ট রিভলিন-এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন এবং একটি মধ্যাহ্নভোজের আয়োজন করবেন। পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ সাক্ষাৎ করবেন প্রেসিডেন্ট রিভলিন-এর সঙ্গে। আশা করা হচ্ছে, সফরকালে প্রেসিডেন্ট রিভলিন ভারত ও ইজরায়েল উভয় দেশের ব্যবসায়িক নেতাদের সঙ্গে সাক্ষাৎ করবেন। এছাড়াও প্রেসিডেন্ট রিভলিন সফর করবেন কৃষির 'শ্রেষ্ঠ কেন্দ্র' কর্নাল। এছাড়াও তিনি এই সফরকালে অংশ নেবেন অ্যাগ্রো টেক-২০১৬ তে।

অর্থনৈতিক এবং বাণিজ্য, বিজ্ঞান ও প্রযুক্তি, গবেষণা ও উদ্ভাবন, সংস্কৃতি ও পর্যটন, শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে ভারত ও ইজরায়েলের মধ্যে চমৎকার ও শক্তিশালী সম্পর্ক বিদ্যমান।

নয়াদিল্লি

নভেম্বর ০৯, ২০১৬